

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইকটন গার্ডেন রোড, ঢাকা।  
website - www.dwa.gov.bd  
E-mail - dwadhaka@gmail.com

## প্রেস রিলিজ

আন্তর্জাতিক নারী দিবস ২০১৬ উদযাপন উপলক্ষে মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে ৬ মার্চ, ২০১৬ তারিখ রবিবার সকাল ১০.৩০ মিনিট থেকে ঢাকাস্থ জাতীয় প্রেসক্লাবের সম্মুখে সরকারী প্রতিষ্ঠান ও বেসরকারী সংগঠনের অংশগ্রহণে মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়। এবারের আন্তর্জাতিক নারী দিবস ২০১৬ এর প্রতিপাদ্য বিষয় “অধিকার, মর্যাদায় নারী-পুরুষ সমানে সমান”।

নারীর সার্বিক ক্ষমতায়ন নিশ্চিতকরণ, জাতীয় ও অর্থনৈতিক কর্মকাণ্ডে নারীর অংশগ্রহণ বৃদ্ধি, শ্রমবাজারে নারীর প্রবেশগম্যতা বৃদ্ধিসহ শিক্ষা ও প্রশিক্ষণের মধ্য দিয়ে দক্ষ মানবসম্পদ রূপে গড়ে তোলার বিষয়ে বর্তমান সরকার বদ্ধ পরিকর। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার নারী উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে কৃষি, আয়বর্ধক কর্মসূচি, কম্পিউটার সহ বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানের পদক্ষেপ গ্রহণ করেছে। নারীর দারিদ্র দূরীকরণের জন্য পরিচালিত হচ্ছে বিভিন্ন সামাজিক নিরাপত্তা বেটনমূলক কার্যক্রম। সরকারের সময়োযোগী ও বলিষ্ঠ পদক্ষেপের কারণে নারী উন্নয়ন আজ দৃশ্যমান হয়েছে। রাজনীতি, বিচার বিভাগ, প্রশাসন, শিক্ষা, ব্যাংক বীমা, প্রকৌশলী, চিকিৎসা, এয়ার ফোর্স, ক্রীড়া প্রতিযোগিতায়, এভারেস্ট জয়, সশস্ত্র বাহিনী ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, বিভিন্ন সংগঠনের উচ্চ পদে, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া সহ সর্বক্ষেত্রে নারীর সফল পদচারণায় দেশ এগিয়ে যাচ্ছে।

উক্ত মানববন্ধন কর্মসূচীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মেহের আফরোজ চুমকি, এম.পি। আরও উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব নাছিমা বেগম, এনডিসি, মহিলা বিষয়ক অধিদপ্তরের মহা-পরিচালক জনাব সাহিন আহমেদ চৌধুরী, পরিচালক জনাব এ.বি.এম জাকির হোসাইন, অতিরিক্ত পরিচালক জনাব শাহনওয়াজ দিলরুবা খান, বিভিন্ন শাখার উপ-পরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঢাকা ও অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ নারী প্রগতি সংঘ, বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি, জাতীয় কন্যা শিশু এডভোকেসী ফোরাম, জাতীয় প্রতিবন্ধী ফোরাম, স্টেপস্ টুওয়ার্ডস ডেভেলপমেন্ট, ইউসেফ সহ আরও শতাধিক বেসরকারী সংগঠনের নারী নেতৃবৃন্দ ও সদস্যবৃন্দ উক্ত মানববন্ধন কর্মসূচীতে অংশগ্রহণ করেন।

  
(এ.বি.এম. জাকির হোসাইন)  
পরিচালক (যুগ্ম সচিব)  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।